

ধনীদের ভগবান

শ্রীজ্ঞানরঞ্জন বন্দ্যোপাধ্যায়

চতুর্থ বর্ষ—সাহিত্য

দেবতার কথা পড়েছি পুরাণে শুনেছি সে দয়াময়,
তবু কেন হয়, তাহার সৃজনে ব্যথা বুকে জেগে রয় ।
কমলমণির সুষমা যখন সোণার আলোকে জাগে ;
বেদন ব্যথায় নীরবে তখন শিউলি বিদায় মাগে ।

* * *

একই সময়ে জনম লভিয়া রাজা হয় একজন,
পরের ছুয়ারে ভিখ মাগি কারো কেটে যায় আজীবন ।
কেহবা খাবার ফেলিয়া দিতেছে খেতে নাহি পেরে আর ;
ক্ষুধার জ্বালায় মরণের তরে করে কেহ হাহাকার ।
পীড়ন করিছে, পীড়িত হইছে, এই দেখি ধরা মাঝে,
সুখের তুলনে দুখের মূর্তি বড় হয়ে বুকে বাজে ।
ভাল ত বাসনা তুমি হে ঠাকুর, দুঃখ বয় মাথে যারা,
ব্যথিতের আঁখি স্বেচ্ছাওনা তুমি ডাকো নাকো ডাকে যারা ।
তোমারে কয় যে দয়াল ঠাকুর কোথা তব সেই নাম,
গরীবের তরে নহ তুমি দেব — ধনীদের ভগবান ।